# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## ৪নং আলিয়াবাদ ইউনিয়ন পরিষদ কার্যালয়
## ফরিদপুর সদর, ফরিদপুর।

স্মারক নং- আলিয়াাবাদ/ইউপি/ তারিখঃ----------------------

### ১৬জুলাই ২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির (UDCC) সভার কার্য বিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোঃ ওমর ফারুক, চেয়ারম্যান, আলিয়াবাদ ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর।

সভার তারিখ ও সময় ঃ ১৬/০৭/২০২৩ ইং সকাল ১০.০০ ঘটিকা।

সভার স্থান ঃ ইউনিয়ন পরিষদ কার্যালয় সভাকক্ষ, ফরিদপুর সদর, ফরিদপুর।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দঃ উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ তালিকা (পরিশিষ্ট ক ও খ)

আলোচ্য বিষয় সমূহ ঃ

সভাপতি অদ্যকার সভায় উপস্থিত সমাজের বিভিন্ন শ্রেণী ও পেশার দায়িত্বশীল প্রতিনিধিগণ কে স্বাগত জানিয়ে সভার কাজ শুর করেন। অতএব পর ইউডিসিসি কমিটির সদস্যগণের পরিচিতি ও আলোচ্য সূচি মোতাবেক আলোচনান্তে নিম্ন বর্নিত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত সংস্থা/ ব্যক্তি |
|---|---|---|---|
| ০১ | হস্তান্তির অফিস সংক্রান্তঃ<br>৬নং ওয়ার্ড ইউপি সদস্য জানান, বর্তমান সরকার ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স থেকে ইউনিয়নের সকল মানুষকে সার্বিক সেবা প্রদানের লক্ষ্যে ৭টি বিভাগকে যেমন: ১। স্থানীয় সরকার বিভাগ, ২। কৃষি বিভাগ, ৩। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ, ৪। প্রাথমিক ও গণ শিক্ষা বিভাগ ৫। মৎস্য ও প্রাণী সম্পদ বিভাগ, ৬। সমাজ কল্যাণ বিভাগ, ৭। স্বরাষ্ট্র মন্ত্রনালয়, অত্র অফিসের ভবনে প্রেরণ করেছেন। কিন্তু অদ্যাবদি সকল ডিপার্টমেন্টের কর্মকর্তা কর্মচারিগণ এখানে দায়িত্ব পালন করছেন না। শুধুমাত্র কৃষি অফিস, বিআরডিবি অফিস যথাযথভাবে দায়িত্ব পালন করে আসছে। আনসার ভিডিপির দলনেতা মাঝে মাঝে এখানে আসেন। এছাড়া আর অন্য কাউকে এখানে দেখা যায় না। যা অত্যান্ত দুঃখজনক। আমি আশা করব ভবিষ্যতে যেন প্রত্যেকটি বিভাগ এখানে থেকে যথাযথভাবে তাদের দায়িত্বগুলি পরিচালনা করে। এতে এলাকার মানুষের বিশেষ উপকার সাধিত হবে। | উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়। | মোঃ ওমর ফারুক, চেয়ারম্যান, ৪নং আলিয়াবাদ ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর। |
| ০২ | সভাপতি সাহেব সভায় জানান যে, উন্নয়ন সহায়তা আওতায় আমরা কিছু প্রকল্প গ্রহন করতে পারি যা ওয়ার্ড সভার প্রস্তুতকৃত তালিকা হতে অগ্রাধিকার ভিত্তিতে জনগনের চাহিদা মোতাবেক প্রকল্প হয়। উপস্থিত সকলকে এ বিষয়ে আলোচনার জন্য আহব্বান করা হয়। উপস্থিত সকলের এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয় | মোঃ ওমর ফারুক, চেয়ারম্যান, ৪নং আলিয়াবাদ ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর। |
| ০৩ | স্বাস্থ্য সংক্রান্তঃ<br>সভায় পরিবার কল্যান কেন্দ্রের ডাক্তার, জনাব সৈয়দা বেগম সাহেব জানান যে, অত্র পরিবার কল্যান কেন্দ্রের দক্ষিন পাশে বাউন্ডারী না থাকায় পশু প্রানী প্রবেশ করে পরিবেশ দূষিত করার ফলে বাউন্ডারী করার একান্ত প্রয়োজন। | উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়। | মোঃ ওমর ফারুক, চেয়ারম্যান, ৪নং আলিয়াবাদ ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর। |
| ০৪ | নারী প্রতিনিধি জানান, ডিএসকে এর পক্ষ থেকে গর্ভবতী মা ও শিশুদের জন্য কাজ করার জন্য ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র রয়েছে। যেখানে সঠিক ভাবে গর্ভবতী মা ও শিশুদের সেবা দেওয়া হয়। | উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়। | নারী প্রতিনিধি |
| ০৫ | সভায়া আলিয়াবাদ সরকারী প্রাথমিক সরকারী প্রধান শিক্ষক সাহেব প্রস্তাব জানান যে, বর্তমান সরকার বিভিন্ন প্রতিষ্ঠানে হোম সোলার স্থাপনের উদ্যোগ নিয়েছে। তিনি ইউনিয়নের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ও পর্যায়ক্রমে বিভিন্ন মসজিদ মন্দিরে হোম সোলার স্থাপনের ব্যবস্থান জন্য অনুরোধ জানান। সভাপতি সাহেব জানান যে, ইতিমধ্যে অনেক মসজিদ, স্কুল, রাস্তা এছাড়াও বিভিন্ন জায়গায় হোম সোলার ও স্ট্রিট সোলার স্থাপন করা হয়েছে। বরবর্তীতে পর্যায় ক্রমে সকল মসজিদ, স্কুল, মন্দির সহ বিভিন্ন জায়গায় হোম সোলার ও স্ট্রিট সোলার স্থাপন করা হবে। | উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়। | মোঃ ওমর ফারুক, চেয়ারম্যান, ৪নং আলিয়াবাদ ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর। |
| ০৬ | নারী প্রতিনিধি জনাব তাজিরা আক্তার জানান, বর্তমান সরকার নারীর ক্ষমতায়নে প্রাণান্ত চেষ্টা চালিয়ে যাচ্ছে। যা সত্যিই প্রশংসার দাবি রাখে। এ বিষয়ে সকলকে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার আহবান জানান। | উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়। | নারী প্রতিনিধি |

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# ৪নং আলিয়াবাদ ইউনিয়ন পরিষদ কার্যালয়
# ফরিদপুর সদর, ফরিদপুর ।

স্মারক নং- আলিয়াাবাদ/ইউপি/ তারিখঃ----------------------

| | | | |
|---|---|---|---|
| ০৭ | এনজিও প্রতিনিধি জানান, সরকারী প্রতিষ্ঠানের সেবাগুলো যাতে জনগণ সহজে পায় সে বিষয়ে সকলকে সচেতন করা ও ইউনিয়ন পরিষদকে একটি কার্যকর শক্তিশালী স্থানীয় সরকার প্রতিষ্ঠানে রুপান্তরিত করতে সহযোগিতা করাই আমাদের মূল কাজ। | উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়। | এনজিও প্রতিনিধি |
| ০৮ | তথ্য ও সেবা কেন্দ্র ও ইউনিয়ন ওয়েব পোর্টাল সংক্রান্ত ঃ সভাপতি সাহেব জানান, জনগণের দোরগোড়ায় সেবা পৌছানোর লক্ষ্যে বর্তমান সরকার দেশের প্রতিটি ইউনিয়নে তথ্য ও সেবা কেন্দ্র চালু করায় মানুষ বর্তমানে সহজে ও দ্রুত সেবা পাচ্ছে। অত্র তথ্য ও সেবা কেন্দ্র বেশ ভালো ভাবে চলছে। ইউনিয়ন ওয়েব পোর্টালেও তথ্য হালনাগাদ দ্রুত গতিতে চলছে। | উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়। | মোঃ ওমর ফারুক, চেয়ারম্যান, ৪নং আলিয়াবাদ ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর। |
| ০৯ | অনলাইন জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত ঃ<br>ইউপি সচিব জনাব মোঃ শাজাহান ফকির জানান, জন্ম নিবন্ধন কার্যক্রম আইন অনুযায়ী সঠিক ভাবে চলছে।এ ব্যাপারে সকলের সহযোগিতা প্রয়োজন। | উক্ত প্রস্তাব সর্বসম্মতি ক্রমে গৃহিত হয়। | মোঃ ওমর ফারুক, চেয়ারম্যান, ৪নং আলিয়াবাদ ইউনিয়ন পরিষদ, ফরিদপুর সদর, ফরিদপুর। |

অতপর সভায় অন্য আর কোন আলোচনা থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপর কার্য সমাপ্তি ঘোষনা করেন।

**(মোঃ ওমর ফারুক)**
**চেয়ারম্যান**
**আলিয়াবাদ ইউনিয়ন পরিষদ**
**ফরিদপুর সদর, ফরিদপুর ।**

স্মারক নং: আলিয়াবাদ/২০২৩/ ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল ঃ

১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর, ফরিদপুর।
৪। জনাব সদস্য, ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি (সকল)।
৫। নোটিশ বোর্ড।
৬। অফিস নথি।